গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-১ অধিশাখা
www.cabinet.gov.bd

**বিষয়: প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২০২৩-২৪ অর্থ-বছরের ৫ম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাহবুব হোসেন<br>মন্ত্রিপরিষদ সচিব |
| সভার তারিখ ও সময় | : | ১০ কার্তিক ১৪৩০/২৬ অক্টোবর ২০২৩ বৃহস্পতিবার বেলা ১০.৩০ মিনিট |
| স্থান | : | মন্ত্রিপরিষদ কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

**আলোচ্য বিষয়-১: বাংলাদেশ নৌবাহিনীর জাহাজ বানৌজা আবু উবাইদাহ এর সাংগঠনিক কাঠামো গঠনের জন্য রাজস্ব খাতে ১২৯টি পদ সৃজন।**

**প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ: প্রতিরক্ষা মন্ত্রণালয়।**

**১.১। উপস্থাপনা ও আলোচনা:**

(ক) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ০৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ২৩.০০.০০০০.০৬০.২৮.০০৪.২১.১৩৮ নম্বর স্মারকে প্রেরিত প্রস্তাবটি সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় সভায় উপস্থাপন করেন। তিনি বাংলাদেশ নৌবাহিনীর জাহাজ বানৌজা আবু উবাইদাহ এর সাংগঠনিক কাঠামো গঠনের জন্য রাজস্ব খাতে ১২৯টি পদ সৃজনের প্রস্তাব উত্থাপন করেন।

(খ) উপস্থাপিত প্রস্তাবটি সভায় পর্যালোচনা করা হয়। চীন হতে ক্রয়কৃত দুটি 'Off the Self' Type 053H3 ফ্রিগেটের একটি ৭ম ফ্রিগেট স্কোয়াড্রনভুক্ত ডি-কমিশনকৃত জাহাজ বানৌজা ওমর ফারুক এর প্রতিস্থাপক এবং অপরটি নতুনভাবে ৭ম ফ্রিগেটে সংযোজিত জাহাজটি বানৌজা আবু উবাইদাহ নামে নামকরণ করা হয়। বানৌজা আবু উবাইদাহ উন্নত প্রযুক্তির সমরাস্ত্র ও সরঞ্জামাদিসম্পন্ন একটি জাহাজ যা পরিচালনা, প্রশিক্ষণ প্রদান এবং রক্ষণাবেক্ষণের জন্য জনবলের প্রয়োজন। এ পরিপেক্ষিতে বানৌজা আবু উবাইদাহ-এর কাঙ্খিত অপারেশনাল কর্মকান্ড সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সাংগঠনিক কাঠামো গঠনের লক্ষ্যে ২৪০টি পদ সৃজনের প্রস্তাব করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় রাজস্ব খাতে ২৩৯টি পদ সৃজনে সম্মতি প্রদান করে। অর্থ বিভাগ (ব্যয় ব্যবস্থাপনা) রাজস্ব খাতে ১২৯টি পদ সৃজনে সম্মতি প্রদান করে। অর্থ বিভাগের প্রবিধি অনুবিভাগ ১২৪টি সামরিক পদ এবং বাস্তবায়ন অনুবিভাগ ০৫টি অসামরিক পদের বেতন স্কেল নির্ধারণ করেছে।

(গ) বিস্তারিত আলোচনাপূর্বক বাংলাদেশ নৌবাহিনীর জাহাজ বানৌজা আবু উবাইদাহ এর সাংগঠনিক কাঠামো গঠনের জন্য রাজস্ব খাতে ১২৯টি পদ সৃজনের বিষয়ে সুপারিশ করা যেতে পারে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়।

**১.২। সিদ্ধান্ত:**

**(ক) বাংলাদেশ নৌবাহিনীর জাহাজ বানৌজা আবু উবাইদাহ এর সাংগঠনিক কাঠামো গঠনের জন্য রাজস্ব খাতে নিম্নরূপ ১২৯টি পদ সৃজনের সুপারিশ করা হলো:**

| ক্রমিক নম্বর | পদবি | সুপারিকৃত পদের নাম | সুপারিকৃত পদের সংখ্যা |
|---|---|---|---|
| অফিসার | | | |
| ১. | ক্যাপ্টেন | অধিনায়ক | ০১ |
| ২. | কমান্ডার | দি কমান্ডার/এক্সিকিউটিভ অফিসার | ০১ |

| ক্রমিক নম্বর | পদবি | সুপারিকৃত পদের নাম | সুপারিকৃত পদের সংখ্যা |
|---|---|---|---|
| | | চিফ অপস্ অফিসার | ০১ |
| | | ফ্লাইট কমান্ডার | ০১ |
| | | ইঞ্জিনিয়ার অফিসার | ০১ |
| | | সাপ্লাই অফিসার | ০১ |
| | | ইলেকট্রিক্যাল অফিসার | ০১ |
| ৩. | লেফটেন্যান্ট কমান্ডার | মিসাইল অফিসার | ০১ |
| | | গানারী অফিসার | ০১ |
| | | ট্যাজ অফিসার | ০১ |
| | | প্রিন্সিপাল ওয়ারফেয়ার অফিসার-১ | ০১ |
| | | নেভিগেটিং অফিসার | ০১ |
| | | সিনিয়র কমিউনিকেশন অফিসার | ০১ |
| | | সিনিয়র ইঞ্জিনিয়ার অফিসার | ০১ |
| | | ডেপুটি ইলেকট্রিক্যাল অফিসার | ০১ |
| | | মেডিক্যাল অফিসার | ০১ |
| | | পাইলট | ০২ |
| | | এয়ার ইঞ্জিনিয়ার অফিসার | ০১ |
| | | এয়ার ইলেকট্রিক্যাল অফিসার | ০১ |
| ৪. | লেফটেন্যান্ট | ইলেকট্রনিক ওয়ারফেয়ার অফিসার | ০১ |
| | | প্রিন্সিপাল ওয়ারফেয়ার অফিসার-২ | ০১ |
| | | হেলিকপ্টার কন্ট্রোল/ফ্লাইট ডেক অফিসার | ০১ |
| | | অ্যাসিস্ট্যান্ট সাপ্লাই অফিসার | ০১ |
| | | অর্ডন্যান্স অফিসার | ০১ |
| | | **উপমোট=** | **২৫** |
| **নাবিক** | | | |
| ৫. | এমসিপিও | মাস্টার চিফ পেটি অফিসার | ০৪ |
| ৬. | এসসিপিও | সিনিয়র চিফ পেটি অফিসার | ১৬ |
| ৭. | সিপিও | চিফ পেটি অফিসার | ১৪ |
| ৮. | পিও | পেটি অফিসার | ৩৫ |
| ৯. | লিডিং | লিডিং সিম্যান | ৩০ |
| | | **উপমোট=** | **৯৯** |
| **অসামরিক** | | | |
| ১০. | এমটিডি | মোটর ট্রান্সপোর্ট ড্রাইভার | ০৫ |
| | | **উপমোট=** | **০৫** |
| | | **মোট=** | **২৫+৯৯+০৫=১২৯টি** |

**(খ) পদ সংরক্ষণ ও পদ স্থায়ীকরণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে; এবং**

**(গ) এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ কর্তৃক আরোপিত শর্তাদি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।**

**আলোচ্য বিষয়-২: বাংলাদেশ সেনাবাহিনীর সদর দপ্তর ৯৯ কম্পোজিট ব্রিগেড এর অধীন ১টি ব্রিগেড সিগন্যাল কোম্পানী গঠনের জন্য রাজস্ব খাতে ১২০টি পদ সৃজন।**

**প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ: প্রতিরক্ষা মন্ত্রণালয়।**

**২.১। উপস্থাপনা ও আলোচনা:**

(ক) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ২৯ জানুয়ারি ২০২৩ তারিখের ২৩.০০.০০০০.০১০.২৮.০১৭.১৬.২৪ নম্বর স্মারকে প্রেরিত প্রস্তাবটি সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় সভায় উপস্থাপন করেন। তিনি বাংলাদেশ সেনাবাহিনীর সদর

দপ্তর ৯৯ কম্পোজিট ব্রিগেড এর অধীন ১টি ব্রিগেড সিগন্যাল কোম্পানী গঠনের জন্য রাজস্ব খাতে ১২০টি পদ সৃজনের প্রস্তাব উত্থাপন করেন।

(খ) উপস্থাপিত প্রস্তাবটি সভায় পর্যালোচনা করা হয়। পদ্মা সেতুর নিরাপত্তা বিধানকল্পে সাভার এরিয়ার আওতাধীন মাওয়া-জাজিরা এলাকায় ৯৯ কম্পোজিট ব্রিগেড এর জন্য পদ্মা নদীর উভয় পাড়ে দুইটি স্থায়ী সেনানিবাস প্রতিষ্ঠিত হয়েছে। ৯৯ কম্পোজিট ব্রিগেড এর অধীনে ব্রিগেড সিগন্যাল কোম্পানী গঠন করা হলে মাওয়া এবং জাজিরা এলাকায় সুষ্ঠু ও নিরবিচ্ছিন্ন ফিল্ড যোগাযোগ প্রদান করা সহজ হবে। এ পরিপ্রক্ষিতে ৯৯ কম্পোজিট ব্রিগেড এর আওতাধীন ইউনিটসমূহকে সুষ্ঠু ও নিরবিচ্ছিন্ন ফিল্ড যোগাযোগ প্রদানের লক্ষ্যে ০১টি ব্রিগেড সিগন্যাল কোম্পানী গঠনের জন্য ১২০টি পদ সৃজনের প্রস্তাব করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় রাজস্ব খাতে ১২০টি পদ সৃজনে সম্মতি প্রদান করে। অর্থ বিভাগ (ব্যয় ব্যবস্থাপনা) রাজস্ব খাতে ১২০টি পদ সৃজনে সম্মতি প্রদান করে। অর্থ বিভাগ (প্রবিধি) ১২০টি সামরিক পদের বেতন স্কেল নির্ধারণ করেছে।

(ঘ) সভায় বিস্তারিত আলোচনাপূর্বক বাংলাদেশ সেনাবাহিনীর সদর দপ্তর ৯৯ কম্পোজিট ব্রিগেড এর অধীন ১টি ব্রিগেড সিগন্যাল কোম্পানী গঠনের জন্য রাজস্ব খাতে ১২০টি পদ সৃজনের বিষয়ে সুপারিশ করা যেতে পারে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়।

২.২। <u>সিদ্ধান্ত:</u>

**(ক) বাংলাদেশ সেনাবাহিনীর সদর দপ্তর ৯৯ কম্পোজিট ব্রিগেড এর অধীন ১টি ব্রিগেড সিগন্যাল কোম্পানী গঠনের জন্য রাজস্ব খাতে নিম্নরূপ ১২০টি পদ সৃজনের সুপারিশ করা হলো:**

| ক্রমিক নম্বর | সুপারিশকৃত পদের নাম | সুপারিকৃত পদের সংখ্যা |
|---|---|---|
| ১. | কোম্পানী অধিনায়ক (মেজর) | ০১ |
| ২. | প্লাটুন কমান্ডার, ওপি প্লাটুন (ক্যাপ্টেন) | ০১ |
| ৩. | কোম্পানী অফিসার, কোম্পানী সদর (সাবঅল্টার্ণ) | ০১ |
| ৪. | সিনিয়র ওয়ারেন্ট অফিসার | ০১ |
| ৫. | ওয়ারেন্ট অফিসার | ০১ |
| ৬. | সার্জেন্ট | ১১ |
| ৭. | কর্পোরাল | ১৮ |
| ৮. | ল্যান্স কর্পোরাল | ০২ |
| ৯. | সৈনিক | ৭৬ |
| ১০. | করণিক (সামরিক) | ০৫ |
| ১১. | নন কম্ব্যাট্যান্ট (ইনরোল্ড) | ০৩ |
| | মোট= | **১২০টি** |

**(খ) পদ সংরক্ষণ ও পদ স্থায়ীকরণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে; এবং**

**(গ) এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ কর্তৃক আরোপিত শর্তাদি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।**

**আলোচ্য বিষয়-৩: সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে শেখ হাসিনা সেনানিবাসের জন্য ০১টি ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের পদ সৃজন।**

**প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ: প্রতিরক্ষা মন্ত্রণালয়।**

**৩.১। উপস্থাপনা ও আলোচনা:**

(ক) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ০৫ মার্চ ২০২৩ তারিখের ২৩.০০.০০০০.০৯০.০৪.৩৯.১৪(অংশ-২).৬৭ নম্বর স্মারকে প্রেরিত প্রস্তাবটি সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় সভায় উপস্থাপন করেন। তিনি সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে শেখ হাসিনা সেনানিবাসের জন্য ০১টি ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের পদ সৃজনের প্রস্তাব উত্থাপন করেন।

(খ) উপস্থাপিত প্রস্তাবটি সভায় পর্যালোচনা করা হয়। ক্যান্টনমেন্ট আইন, ২০১৮ এর ১৭(১) ধারা অনুযায়ী সরকার, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা, প্রত্যেক ক্যান্টনমেন্টের জন্য একটি ক্যান্টনমেন্ট বোর্ড গঠন করিতে পারিবে এবং প্রত্যেক ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য একজন এক্সিকিউটিভ অফিসার থাকিবে। এ পরিপ্রেক্ষিতে সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে শেখ হাসিনা সেনানিবাসের জন্য রাজস্ব খাতে ০১টি 'ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার'-এর পদ সৃজনের প্রস্তাব করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগ (ব্যয় ব্যবস্থাপনা) সম্মতি প্রদান করে। অর্থ বিভাগ (বাস্তবায়ন) উক্ত ০১টি পদের বেতন স্কেল নির্ধারণ করেছে।

(গ) বিস্তারিত পর্যালোচনাপূর্বক সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে শেখ হাসিনা সেনানিবাসের জন্য ০১টি ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের পদ সৃজনের বিষয়ে সুপারিশ করা যেতে পারে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়।

৩.২। সিদ্ধান্ত:

**(ক) সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে শেখ হাসিনা সেনানিবাসের জন্য ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের ০১টি পদ সৃজনের সুপারিশ করা হলো;**

**(খ) পদ সংরক্ষণ ও পদ স্থায়ীকরণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে; এবং**

**(গ) এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ কর্তৃক আরোপিত শর্তাদি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।**

**আলোচ্য বিষয়-৪: বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান টাইপিস্ট কাম ক্লার্ক এর ০৫টি পদের পদনাম পরিবর্তন।**

**প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ: বিদ্যুৎ বিভাগ।**

**৪.১। উপস্থাপনা ও আলোচনা:**

(ক) বিদ্যুৎ বিভাগের ০২ মার্চ ২০২৩ তারিখের ২৭.০০.০০০০.০৫৩.৫৩.০০২.২২.৬৬ নম্বর স্মারকে প্রেরিত প্রস্তাবটি সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ সভায় উপস্থাপন করেন। তিনি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান টাইপিস্ট কাম ক্লার্ক এর ০৫টি পদের পদনাম পরিবর্তনের প্রস্তাব উত্থাপন করেন।

(খ) উপস্থাপিত প্রস্তাবটি সভায় পর্যালোচনা করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি গ্রহণপূর্বক ২০১০ সালে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) এর সাংগঠনিক কাঠামোতে রাজস্ব খাতে অস্থায়ীভাবে ৮১টি পদ সৃজন করা হয়। পরবর্তীতে বাপবিবোর সাংগঠনিক কাঠামোতে উক্ত ৮১টি পদ স্থায়ীকরণের প্রস্তাব করা হলে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক 'টাইপিস্ট-কাম-ক্লার্ক' এর ০৫টি পদ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্মচারী চাকরি প্রবিধানমালায় না থাকায় 'কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী' পদনাম পরিবর্তন করার নির্দেশনা প্রদান করে। এ পরিপ্রেক্ষিতে বাপবিবোর সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান টাইপিস্ট কাম ক্লার্ক এর ০৫টি পদের নাম পরিবর্তন করে 'কম্পিউটার-মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী' হিসেবে করার প্রস্তাব করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগ সম্মতি প্রদান করেছে।

(গ) বিস্তারিত পর্যালোচনাপূর্বক বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান 'টাইপিস্ট কাম ক্লার্ক' এর ০৫টি পদের পদনাম পরিবর্তন করে 'কম্পিউটার-মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী' নামকরণের বিষয়ে সুপারিশ করা যেতে পারে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়।

৪.২। সিদ্ধান্ত:

**(ক) বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান 'টাইপিস্ট কাম ক্লার্ক' এর ০৫টি পদের পদনাম পরিবর্তন করে 'কম্পিউটার-মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী' নামকরণের সুপারিশ করা হলো;**

**(খ) এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ কর্তৃক আরোপিত শর্তাদি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।**

**আলোচ্য বিষয়-৫: নৌপরিবহন অধিদপ্তরের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজিত ১৫৬টি পদের মধ্যে ১৬টি অফিস সহায়ক পদ আউটসোর্সিং এর পরিবর্তে রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজন।**

**প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ: নৌপরিবহন মন্ত্রণালয়।**

**৫.১। উপস্থাপনা ও আলোচনা:**

(ক) নৌপরিবহন মন্ত্রণালয়ের ১৫ জানুয়ারি ২০২৩ তারিখের ১৮.০০.০০০০.০২৪.১১.০০১.২২.১২ নম্বর স্মারকে প্রেরিত প্রস্তাবটি সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় সভায় উপস্থাপন করেন। তিনি নৌপরিবহন অধিদপ্তরের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজিত ১৫৬টি পদের মধ্যে ১৬টি অফিস সহায়ক পদ আউটসোর্সিং এর পরিবর্তে রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনের প্রস্তাব উত্থাপন করেন।

খ) উপস্থাপিত প্রস্তাবটি সভায় বিস্তারিত পর্যালোচনা করা হয়। নৌপরিবহন অধিদপ্তরের জন্য ২০১৭ সালে রাজস্ব খাতে অস্থায়ীভাবে ১৫৬টি পদ সৃজন করা হয়। নৌপরিবহন অধিদপ্তরের জন্য রাজস্ব খাতে সৃজিত উক্ত ১৫৬টি পদের মধ্যে ১৬টি অফিস সহায়কের পদে আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োগের শর্ত প্রত্যাহারপূর্বক রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনের প্রস্তাব করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগ (ব্যয় ব্যবস্থাপনা) সম্মতি প্রদান করে। অর্থ বিভাগ (বাস্তবায়ন) উক্ত ১৬টি পদের বেতন স্কেল নির্ধারণ করেছে।

(গ) বিস্তারিত আলোচনাপূর্বক নৌপরিবহন অধিদপ্তরের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজিত ১৫৬টি পদের মধ্যে ১৬টি অফিস সহায়ক পদ আউটসোর্সিং এর পরিবর্তে রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনের বিষয়ে সুপারিশ করা যেতে পারে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়।

৫.২। <u>সিদ্ধান্ত:</u>

**(ক) নৌপরিবহন অধিদপ্তরের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজিত ১৫৬টি পদের মধ্যে ১৬টি অফিস সহায়ক পদ আউটসোর্সিং এর পরিবর্তে রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনের সুপারিশ করা হলো;**

**(খ) পদ সংরক্ষণ ও পদ স্থায়ীকরণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে; এবং**

**(গ) এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ কর্তৃক আরোপিত শর্তাদি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।**

**আলোচ্য বিষয়-৬: মোংলা বন্দর কর্তৃপক্ষ চাকুরি প্রবিধানমালা, ১৯৯১ সংশোধন।**

**প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ: নৌপরিবহন মন্ত্রণালয়।**

**৬.১। উপস্থাপনা ও আলোচনা:**

(ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৭১.২২.০৩১.২২.১৮ নম্বর স্মারকে প্রেরিত প্রস্তাবটি সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় সভায় উপস্থাপন করেন। তিনি মোংলা বন্দর কর্তৃপক্ষ চাকুরি প্রবিধানমালা, ১৯৯১ সংশোধনের প্রস্তাব উত্থাপন করেন।

(খ) উপস্থাপিত প্রস্তাবটি সভায় পর্যালোচনা করা হয়। মোংলা বন্দর কর্তৃপক্ষের নিরীক্ষা বিভাগকে শক্তিশালীকরণের লক্ষ্যে নিরীক্ষা ও পরিদর্শন বিভাগকে পুনর্গঠনের জন্য ০৭ ক্যাটাগরির ১৪টি পদ সৃজন করা হয়। উক্ত পদসমূহের মধ্যে ০১টি উর্ধ্বতন নিরীক্ষা কর্মকর্তা এবং ০৪টি জুনিয়র অডিটর কাম টাইপিস্ট এর পদ বিদ্যমান নিয়োগবিধিতে অন্তর্ভুক্ত না থাকায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের শর্তানুযায়ী বিদ্যমান প্রবিধানমালায় অন্তর্ভুক্ত করা প্রয়োজন। এছাড়া, নবসৃষ্ট উর্ধ্বতন নিরীক্ষা কর্মকর্তা পদটি প্রধান নিরীক্ষা কর্মকর্তা পদের ফিডার পদ বিধায় বিদ্যমান নিয়োগবিধিমালায় প্রধান নিরীক্ষা কর্মকর্তার নিয়োগযোগ্যতা সংশোধন করা প্রয়োজন। এ পরিপ্রেক্ষিতে নবসৃষ্ট পদসমূহ বিদ্যমান নিয়োগবিধিতে অন্তর্ভুক্তকরণ এবং প্রধান নিরীক্ষা কর্মকর্তার নিয়োগযোগ্যতা সংশোধনের লক্ষ্যে 'মোংলা বন্দর কর্তৃপক্ষ চাকুরি প্রবিধানমালা, ১৯৯১' সংশোধনের প্রস্তাব করা হয়েছে। এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়োগবিধি পরীক্ষণ সংক্রান্ত উপকমিটির সুপারিশ রয়েছে।

(গ) বিস্তারিত আলোচনাপূর্বক মোংলা বন্দর কর্তৃপক্ষ চাকুরি প্রবিধানমালা, ১৯৯১ সংশোধনের সুপারিশ করা যেতে পারে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়। তবে, অর্থ বিভাগ কর্তৃক বর্ণিত পদের বেতন স্কেল নির্ধারণ করতে হবে এবং যথাযথ প্রক্রিয়ায় জুনিয়র অডিটর কাম টাইপিস্ট পদনাম পরিবর্তনের উদ্যোগ গ্রহণ করতে হবে।

৬.২। <u>সিদ্ধান্ত:</u>

**(ক) মোংলা বন্দর কর্তৃপক্ষ চাকুরি প্রবিধানমালা, ১৯৯১ এর প্রস্তাবিত সংশোধনের সুপারিশ করা হলো;**

**(খ) নৌপরিবহন মন্ত্রণালয় অর্থ বিভাগ থেকে উর্ধ্বতন নিরীক্ষা কর্মকর্তা ও জুনিয়র অডিটর কাম টাইপিস্ট পদের বেতন স্কেল নির্ধারণ করবে এবং যথাযথ প্রক্রিয়ায় জুনিয়র অডিটর কাম টাইপিস্ট পদনাম পরিবর্তনের উদ্যোগ গ্রহণ করবে; এবং**

**(গ) এ বিষয়ে বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।**

**আলোচ্য বিষয়-৭: নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামোভুক্ত 'সচিব' এবং মোংলা বন্দর কর্তৃপক্ষের 'সচিব (বোর্ড ও জনসংযোগ)' ও 'উপসচিব (বোর্ড ও জনসংযোগ)' এবং পায়রা বন্দর কর্তৃপক্ষের 'সচিব' ও 'সহকারী সচিব (সমন্বয়)' পদনাম পরিবর্তন।**

**প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ: নৌপরিবহন মন্ত্রণালয়।**

**৭.১। উপস্থাপনা ও আলোচনা:**

(ক) নৌপরিবহন মন্ত্রণালয়ের ২২ মে ২০২৩ তারিখের ১৮.০০.০০০০.০১৬.৩৩.০০৬.১৯.২০৮ নম্বর স্মারকে প্রেরিত প্রস্তাবটি সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় সভায় উপস্থাপন করেন। তিনি নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামোভুক্ত 'সচিব' এবং মোংলা বন্দর কর্তৃপক্ষের 'সচিব (বোর্ড ও জনসংযোগ)' ও 'উপসচিব (বোর্ড ও জনসংযোগ)' এবং পায়রা বন্দর কর্তৃপক্ষের 'সচিব' ও 'সহকারী সচিব (সমন্বয়)' পদনাম পরিবর্তনের প্রস্তাব উত্থাপন করেন।

(খ) উপস্থাপিত প্রস্তাবটি সভায় পর্যালোচনা করা হয়। মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন পদনাম ও পদবীসমূহ বিধি বহির্ভূত ব্যবহার না করার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, মোংলা বন্দর কর্তৃপক্ষ এবং পায়রা বন্দর কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান 'সচিব'/'সচিব (বোর্ড ও জনসংযোগ)', 'উপসচিব (বোর্ড ও জনসংযোগ)' এবং 'সহকারী সচিব (সমন্বয়)' পদনাম পরিবর্তনের প্রস্তাব করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগ বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, মোংলা বন্দর কর্তৃপক্ষ এবং পায়রা বন্দর কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান 'সচিব'/'সচিব (বোর্ড ও জনসংযোগ)', 'উপসচিব (বোর্ড ও জনসংযোগ)' এবং 'সহকারী সচিব (সমন্বয়)' পদনাম পরিবর্তন করে যথাক্রমে 'পরিচালক (বোর্ড)', 'উপপরিচালক (জনসংযোগ)' এবং সহকারী পরিচালক (সমন্বয়) হিসাবে করার সম্মতি প্রদান করেছে।

(গ) বিস্তারিত আলোচনাক্রমে সংশ্লিষ্ট আইনে প্রয়োজনীয় সংশোধনপূর্বক নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামোভুক্ত 'সচিব' এবং মোংলা বন্দর কর্তৃপক্ষের 'সচিব (বোর্ড ও জনসংযোগ)' ও 'উপসচিব (বোর্ড ও জনসংযোগ)' এবং পায়রা বন্দর কর্তৃপক্ষের 'সচিব' ও 'সহকারী সচিব (সমন্বয়)' পদনাম পরিবর্তনের বিষয়ে সুপারিশ করা যেতে পারে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়।

**৭.২। সিদ্ধান্ত:**

**(ক) সংশ্লিষ্ট আইনে প্রয়োজনীয় সংশোধনপূর্বক নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামোভুক্ত 'সচিব' এবং মোংলা বন্দর কর্তৃপক্ষের 'সচিব (বোর্ড ও জনসংযোগ)' ও 'উপসচিব (বোর্ড ও জনসংযোগ)' এবং পায়রা বন্দর কর্তৃপক্ষের 'সচিব' ও 'সহকারী সচিব (সমন্বয়)' পদনাম নিম্নরূপভাবে পরিবর্তনের সুপারিশ করা হলো:**

| ক্রমিক নম্বর | প্রতিষ্ঠানের নাম | বিদ্যমান পদনাম | সুপারিকৃত পদনাম |
|---|---|---|---|
| ১ | বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ | সচিব | পরিচালক (বোর্ড) |
| ২ | মোংলা বন্দর কর্তৃপক্ষ | সচিব (বোর্ড ও জনসংযোগ) | পরিচালক (বোর্ড) |
| | | উপসচিব (বোর্ড ও জনসংযোগ) | উপপরিচালক (জনসংযোগ) |
| ৩ | পায়রা বন্দর কর্তৃপক্ষ | সচিব | পরিচালক (বোর্ড) |
| | | সহকারী সচিব (সমন্বয়) | সহকারী পরিচালক (সমন্বয়) |

**(খ) এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ কর্তৃক আরোপিত শর্তাদি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।**

**আলোচ্য বিষয়-৮: নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় নদী রক্ষা কমিশনের সচিব পদনাম পরিবর্তন করে নির্বাহী পরিচালক নামকরণ।**

**প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ: নৌপরিবহন মন্ত্রণালয়।**

**৮.১। উপস্থাপনা ও আলোচনা:**

(ক) নৌপরিবহন মন্ত্রণালয়ের ২১ জুন ২০২৩ তারিখের ১৮.০০.০০০০.০৩৩.১১.০০৩.২২.১৭৩ নম্বর স্মারকে প্রেরিত প্রস্তাবটি সিনিয়র সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় সভায় উপস্থাপন করেন। তিনি নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় নদী রক্ষা কমিশনের সচিব পদনাম পরিবর্তন করে নির্বাহী পরিচালক নামকরণের প্রস্তাব উত্থাপন করেন।

(খ) উপস্থাপিত প্রস্তাবটি সভায় পর্যালোচনা করা হয়। মন্ত্রণালয়/বিভাগে ব্যবহৃত বিভিন্ন পদনাম ও পদবিসমূহের বিধি-বহির্ভূত ব্যবহার রোধে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জাতীয় নদী রক্ষা কমিশনের সাংগঠনিক কাঠমোতে বিদ্যমান 'সচিব' পদনাম পরিবর্তন করা প্রয়োজন। এ পরিপ্রেক্ষিতে জাতীয় নদী রক্ষা কমিশনের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান 'সচিব' পদনাম পরিবর্তন করে 'নির্বাহী পরিচালক' নামকরণের প্রস্তাব করা হলে জনপ্রশাসন মন্ত্রণালয় সম্মতি প্রদান করে। অর্থ বিভাগ (রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান) সম্মতি প্রদান করে।

(গ) বিস্তারিত আলোচনাপূর্বক সংশ্লিষ্ট আইনে প্রয়োজনীয় সংশোধনপূর্বক নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় নদী রক্ষা কমিশনের সচিব পদনাম পরিবর্তন করে নির্বাহী পরিচালক নামকরণের বিষয়ে সুপারিশ করা যেতে পারে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়।

**৮.২। সিদ্ধান্ত:**

**(ক) সংশ্লিষ্ট আইনে প্রয়োজনীয় সংশোধনপূর্বক নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় নদী রক্ষা কমিশনের সচিব পদনাম পরিবর্তন করে নির্বাহী পরিচালক নামকরণের সুপারিশ করা হলো;**

**(খ) এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ কর্তৃক আরোপিত শর্তাদি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।**

**আলোচ্য বিষয়-৯(১): মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এর ০২টি পদের পদনাম পরিবর্তন এবং ০৪টি পদের বেতন গ্রেড উন্নীতকরণ।**

**প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ: আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।**

**৯(১).১। উপস্থাপনা ও আলোচনা:**

(ক) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০ আগস্ট ২০২৩ তারিখের ৫৩.০০.০০০০.৪১২.২৮.০১৪.২৩.১৫৩ নম্বর স্মারকে প্রেরিত প্রস্তাবটি সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-এর পক্ষে অতিরিক্ত সচিব জনাব মফিজ উদ্দীন আহমেদ সভায় উপস্থাপন করেন। তিনি মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এর ০২টি পদের পদনাম পরিবর্তন এবং ০৪টি পদের বেতন গ্রেড উন্নীতকরণের প্রস্তাব উত্থাপন করেন।

(খ) উপস্থাপিত প্রস্তাবটি সভায় পর্যালোচনা করা হয়। আর্থিক খাতে অন্যান্য রেগুলেটর প্রতিষ্ঠান যেমন- বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ সিকিউরিটিজ এ্যান্ড রেগুলেটরী কমিশন এবং ইনস্যুরেন্স ডেভেলপমেন্ট এ্যান্ড রেগুলেটরী অথরিটি এর সাথে সামঞ্জস্য রেখে এমআরএ এর সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান নির্বাহী পরিচালক পদ ৪র্থ গ্রেড় হতে ৩য় গ্রেড এবং পরিচালক পদ ৫ম গ্রেড হতে ৪র্থ গ্রেডে উন্নীতকরণের প্রস্তাব করা হয়েছে। এছাড়া, ৭ম গ্রেডভুক্ত সিনিয়র সহকারী পরিচালক পদটি ৬ষ্ঠ গ্রেডে উন্নীত করে উপপরিচালক নামকরণ এবং ৬ষ্ঠ

গ্রেডভুক্ত উপপরিচালক পদটি ৫ম গ্রেডে উন্নীত করে যুগ্মপরিচালক হিসাবে নামকরণের প্রস্তাব করা হয়েছে। এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগ (রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান) সম্মতি প্রদান করে। অর্থ বিভাগ (বাস্তবায়ন) উক্ত পদসমূহের বেতন স্কেল নির্ধারণ করেছে।

(গ) বিস্তারিত আলোচনাক্রমে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এর ০২টি পদের পদনাম পরিবর্তন এবং ০৪টি পদের বেতন গ্রেড উন্নীতকরণের প্রস্তাবটি যৌক্তিকতা নিরূপনের লক্ষ্যে অধিকতর পরীক্ষা-নিরীক্ষা করার জন্য অতিরিক্ত সচিব (সওব্য), জনপ্রশাসন মন্ত্রণালয় এর নেতৃত্বে অর্থ বিভাগ ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে একটি উপকমিটি গঠন করা যেতে পারে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়।

৯(১).২। <u>সিদ্ধান্ত:</u>

**(১) মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এর সিনিয়র সহকারী পরিচালক ও উপপরিচালক পদের পদনাম পরিবর্তন ও বেতন গ্রেড উন্নীতকরণ এবং নির্বাহী পরিচালক ও পরিচালক পদের বেতন গ্রেড উন্নীতকরণের প্রস্তাবটি যৌক্তিকতা নিরূপনের লক্ষ্যে অধিকতর পরীক্ষা-নিরীক্ষা করার জন্য নিম্নরূপ উপকমিটি গঠন করা হলো:**

| | |
|---|---|
| **(ক) অতিরিক্ত সচিব (সওব্য), জনপ্রশাসন মন্ত্রণালয়** | **আহ্বায়ক** |
| **(খ) যুগ্মসচিব, অর্থ বিভাগ** | **সদস্য** |
| **(গ) যুগ্মসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ** | **সদস্য-সচিব** |

**(২) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ বর্ণিত উপকমিটি কর্তৃক প্রস্তাবটি অধিকতর পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে পুনরায় প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে উপস্থাপন করবে।**

**আলোচ্য বিষয়- ৯(২): মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এর জন্য রাজস্ব খাতে ০৭টি পদ সৃজন।**

**প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ: আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।**

**৯(২).১। উপস্থাপনা ও আলোচনা:**

(ক) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখের ৫৩.০০.০০০০.৪১২.২৮.০১৪.২৩.১৮৪ নম্বর স্মারকে প্রেরিত প্রস্তাবটি সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-এর পক্ষে অতিরিক্ত সচিব জনাব মফিজ উদ্দীন আহমেদ সভায় উপস্থাপন করেন। তিনি মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এর জন্য রাজস্ব খাতে ০৭টি পদ সৃজনের প্রস্তাব উত্থাপন করেন।

(খ) উপস্থাপিত প্রস্তাবটি সভায় পর্যালোচনা করা হয়। বাংলাদেশ ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে জন্য মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এর জন্য ১৪৩টি পদ সৃজনের প্রস্তাব করা হলে জনপ্রশাসন মন্ত্রণালয় রাজস্ব খাতে অস্থায়ীভাবে ৯৪টি পদ সৃজনে সম্মতি প্রদান করে। পরবর্তীতে সকল আনুষ্ঠানিকতা সম্পন্নপূর্বক ৬৬টি পদ সৃজনের জিও জারি করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সম্মতিকৃত ৯৪টি পদের মধ্যে ১৭টি পদ সৃজনের পুনরায় প্রস্তাব করা হলে অর্থ বিভাগ (রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান) রাজস্ব খাতে অস্থায়ীভাবে ০৭টি পদ সৃজনে সম্মতি প্রদান করে। অর্থ বিভাগ (বাস্তবায়ন) উক্ত ০৭টি পদের বেতন স্কেল নির্ধারণ করেছে।

(গ) বিস্তারিত আলোচনাপূর্বক মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এর জন্য রাজস্ব খাতে ০৭টি পদ সৃজনের বিষয়ে সুপারিশ করা যেতে পারে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়।

৯(২).২। <u>সিদ্ধান্ত:</u>

**(ক) মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এর জন্য রাজস্ব খাতে নিম্নরূপ ০৭টি পদ সৃজনের সুপারিশ করা হলো:**

| ক্রমিক নম্বর | সুপারিককৃত পদের নাম | সুপারিশকৃত পদের সংখ্যা |
|---|---|---|
| ১ | নির্বাহী পরিচালক | ০১ |
| ২ | পরিচালক | ০১ |
| ৩ | উপপরিচালক | ০১ |
| ৪ | উপসহকারী পরিচালক | ০২ |
| ৫ | অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর | ০১ |
| ৬ | অফিস সহায়ক | ০১ |
| | মোট= | ০৭টি |

**(খ) পদ সংরক্ষণ ও পদ স্থায়ীকরণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে; এবং**

**(গ) এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ কর্তৃক আরোপিত শর্তাদি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।**

**আলোচ্য বিষয়-১০: বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে ১৪১টি পদ ভূতাপেক্ষভাবে সৃজন।**

**প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।**

**১০.১। উপস্থাপনা ও আলোচনা:**

(ক) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২৩ জানুয়ারি ২০২৩ তারিখের ৩৩.০০.০০০০.১৩০.১৫.০০১.১৯.২১ নম্বর স্মারকে প্রেরিত প্রস্তাবটি সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর পক্ষে অতিরিক্ত সচিব নৃপেন্দ্র চন্দ্র দেবনাথ সভায় উপস্থাপন করেন। তিনি বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে ১৪১টি পদ ভূতাপেক্ষভাবে সৃজনের প্রস্তাব উত্থাপন করেন।

(খ) উপস্থাপিত প্রস্তাবটি সভায় পর্যালোচনা করা হয়। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য রাজস্ব খাতে পদ সৃজনের প্রস্তাব করা হলে জনপ্রশাসন মন্ত্রণালয় ১৯১টি পদ সৃজনের সম্মতি প্রদান করে। অর্থ বিভাগ (বাস্তাবায়ন) ১৯১টি পদের মধ্যে ১৭টি পদ বিএফআরআই-এর প্রবিধানমালায় অর্ন্তভুক্ত না থাকায় এবং আউটসোর্সিংয়ের ৩৩টি পদ ব্যতীত মোট ১৪১টি পদের বেতন স্কেল নির্ধারণ করেছে। গত ২৫ এপ্রিল ২০১৯ তারিখে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদন ব্যতিত উক্ত ১৪১টি পদ সৃজনের জিও জারি করা হয়। প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ভূতাপেক্ষ অনুমোদনের প্রস্তাব করা হলে গত ০৮ সেপ্টেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত সভায় কমিটির অনুমোদন ব্যতীত বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের ১৪১টি পদে জনবল নিয়োগ দেওয়ার সাথে সম্পৃক্ত কর্মকর্তা কর্মচারীদের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। এ পরিপ্রেক্ষিতে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের অধীন রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজিত ১৪১টি পদ ভূতাপেক্ষভাবে সৃজনের বিষয়টি পুনর্বিবেচনার প্রস্তাব করা হয়েছে।

(গ) বিস্তারিত আলোচনাপূর্বক বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে ১৪১টি পদ ভূতাপেক্ষভাবে সৃজনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি গ্রহণপূর্বক পুনরায় প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে উপস্থাপন করা যেতে পারে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়।

১০.২। <u>সিদ্ধান্ত:</u>

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে ১৪১টি পদ ভূতাপেক্ষভাবে সৃজনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি গ্রহণপূর্বক পুনরায় প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে উপস্থাপন করবে।**

**আলোচ্য বিষয়-১১: বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনষ্টিটিউট (বিএলআরআই)-এর জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে ০৭টি পদ সৃজন।**

**প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।**

**১১.১। উপস্থাপনা ও আলোচনা:**

(ক) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ১২ সেপ্টেম্বর ২০২৩ তারিখের ৩৩.০০.০০০০.১১৮.১৫.০০৪.২৩.৩৫৯ নম্বর স্মারকে প্রেরিত প্রস্তাবটি সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর পক্ষে অতিরিক্ত সচিব নৃপেন্দ্র চন্দ্র দেবনাথ সভায় উপস্থাপন করেন। তিনি বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনষ্টিটিউট (বিএলআরআই)-এর জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে ০৭টি পদ সৃজনের প্রস্তাব উত্থাপন করেন।

(খ) উপস্থাপিত প্রস্তাবটি সভায় পর্যালোচনা করা হয়। বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনষ্টিটিউট (বিএলআরআই) দেশের প্রাণি ও পোল্ট্রি সম্পদ উন্নয়নের মাধ্যমে দেশের প্রাণিজ আমিষের উৎপাদন বৃদ্ধি করে খাদ্য ও প্রাণিজ কৃষিজ উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করে। জনগণের প্রাণিজ আমিষের চাহিদা পূরণ করার জন্য এ ইনস্টিটিটের জনবল বৃদ্ধি করা প্রয়োজন। এ পরিপ্রেক্ষিতে পদ সৃজনের প্রস্তাব করা হলে জনপ্রশাসন মন্ত্রণালয় বিভিন্ন দপ্তর ও ০৫টি আঞ্চলিক কেন্দ্রের জন্য ২০০টি পদ রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনে সম্মতি প্রদান করে। উক্ত ২০০টি পদের মধ্যে ১৩৯টি পদ ইতোমধ্যে ০২ ধাপে রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজন করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় সম্মতিকৃত অবশিষ্ট ৬১টি পদ সৃজনের প্রস্তাব করা হলে অর্থ বিভাগ (রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান) ০৭টি পদ রাজস্ব খাতে সৃজনে সম্মতি প্রদান করে। অর্থ বিভাগ (বাস্তবায়ন) উক্ত ০৭টি পদের বেতন স্কেল নির্ধারণ করেছে।

(গ) বিস্তারিত আলোচনাপূর্বক বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনষ্টিটিউট (বিএলআরআই)-এর জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে ০৭টি পদ সৃজনের বিষয়ে সুপারিশ করা যেতে পারে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়।

**১১.২। <u>সিদ্ধান্ত:</u>**

**(ক) বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনষ্টিটিউট (বিএলআরআই)-এর জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে নিম্নরূপ ০৭টি পদ সৃজনের সুপারিশ করা হলো:**

| ক্রমিক নম্বর | সুপারিককৃত পদের নাম | সুপারিশকৃত পদের সংখ্যা |
|---|---|---|
| ১ | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | ৩ |
| ২ | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | ২ |
| ৩ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ২ |
| | মোট= | ৭টি |

(খ) পদ সংরক্ষণ ও পদ স্থায়ীকরণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে; এবং

(গ) এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ কর্তৃক আরোপিত শর্তাদি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।

**আলোচ্য বিষয়-১২: ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান, হালুয়াঘাট, দিনাজপুর ও নওগাঁসহ ০৩টি প্রতিষ্ঠানের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে ১৫টি পদ সৃজন।**

**প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।**

**১২.১। উপস্থাপনা ও আলোচনা:**

(ক) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ০২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ৪৩.০০.০০০০.১২৯.১৫.০০৩.২০(অংশ-৩).১১ নম্বর স্মারকে প্রেরিত প্রস্তাবটি সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়-এর পক্ষে অতিরিক্ত সচিব হাসনা জাহান খানম সভায় উপস্থাপন করেন। তিনি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান, হালুয়াঘাট, দিনাজপুর ও নওগাঁসহ ০৩টি প্রতিষ্ঠানের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে ১৫টি পদ সৃজনের প্রস্তাব উত্থাপন করেন।

(খ) উপস্থাপিত প্রস্তাবটি সভায় পর্যালোচনা করা হয়। বাংলাদেশের সমতলে বসবাসরত হালুয়াঘাট, দিনাজপুর এবং নওগাঁ জেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংস্কৃতি সংরক্ষণ এবং মানোন্নয়নের লক্ষ্যে জুলাই ২০১৩ থেকে জুন ২০১৮ মেয়াদে একটি প্রকল্প বাস্তবায়ন করা হয়। প্রকল্পটি নির্মাণ কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। এ পরিপ্রেক্ষিতে নবনির্মিত ০৩টি প্রতিষ্ঠানের জন্য রাজস্ব খাতে ৫৭টি পদ সৃজনের প্রস্তাব করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় প্রতিটির জন্য ১৪টি করে রাজস্ব খাতে ৪২টি পদ সৃজনে সম্মতি দিয়েছে। অর্থ বিভাগ (রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান) প্রতিটির জন্য ০৫টি করে রাজস্ব খাতে ১৫টি পদ সৃজনে সম্মতি দিয়েছে। অর্থ বিভাগ (বাস্তবায়ন) উক্ত ১৫টি পদের বেতন স্কেল নির্ধারণ করেছে। প্রস্তাবিত প্রশিক্ষকের ০৬টি পদের বিষয়ভিত্তিক বিভাজন করা প্রয়োজন মর্মে সভায় একমত প্রকাশ করা হয়।

(গ) বিস্তারিত আলোচনাপূর্বক ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান, হালুয়াঘাট, দিনাজপুর ও নওগাঁসহ ০৩টি প্রতিষ্ঠানের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে ১৫টি পদ সৃজনের বিষয়ে সুপারিশ করা যেতে পারে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়। তবে, প্রশিক্ষকের ০৬টি পদের বিষয়ভিত্তিক বিভাজন করতে হবে।

**১২.২। সিদ্ধান্ত:**

**(ক) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান, হালুয়াঘাট, দিনাজপুর ও নওগাঁসহ ০৩টি প্রতিষ্ঠানের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে নিম্নরূপ ১৫টি পদ সৃজনের সুপারিশ করা হলো:**

| ক্রমিক নম্বর | সুপারিককৃত পদের নাম | সুপারিশকৃত পদের সংখ্যা |
|---|---|---|
| ১ | সহকারী পরিচালক | ১×৩=৩ |
| ২ | প্রশিক্ষক | ২×৩=৬ |
| ৩ | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | ১×৩=৩ |
| ৪ | অফিস সহায়ক | ১×৩=৩ |
| | মোট= | ৫X৩=১৫টি |

**(খ) প্রশিক্ষকের ০৬টি পদের বিষয়ভিত্তিক বিভাজন করতে হবে;**

**(গ) পদ সংরক্ষণ ও পদ স্থায়ীকরণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে; এবং**

**(ঘ) এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ কর্তৃক আরোপিত শর্তাদি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।**

**আলোচ্য বিষয়-১৩: কবি নজরুল ইনস্টিটিউটের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান 'সচিব' পদনাম পরিবর্তন করে 'পরিচালক' হিসেবে পরিবর্তন।**

**প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।**

**১৩.১। উপস্থাপনা ও আলোচনা:**

(ক) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২১ মার্চ ২০২৩ তারিখের ৪৩.০০.০০০০.১১৫.২৮.০৫৮.২৩.১৬ নম্বর স্মারকে প্রেরিত প্রস্তাবটি সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়-এর পক্ষে অতিরিক্ত সচিব হাসনা জাহান খানম সভায় উপস্থাপন করেন। তিনি কবি নজরুল ইনস্টিটিউটের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান 'সচিব' পদনাম পরিবর্তন করে 'পরিচালক' হিসেবে পরিবর্তনের প্রস্তাব উত্থাপন করেন। তিনি আরও জানান যে, কবি নজরুল ইনস্টিটিউটের বিদ্যমান 'সচিব' পদটি আইন দ্বারা সৃষ্ট নয়।

(খ) উপস্থাপিত প্রস্তাবটি সভায় পর্যালোচনা করা হয়। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন কবি নজরুল ইনস্টিটিউট জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জীবন ও সাহিত্য, সংগীত, প্রকাশনার প্রচার-প্রসার এবং তৃণমূল পর্যায়ে নবীন প্রজন্মকে উদ্বুদ্ধকরণের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। কবি নজরুল ইনস্টিটিউটের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান 'সচিব' পদনাম পরিবর্তন করে পরিবর্তন করে 'পরিচালক' করার প্রস্তাব করা হলে জনপ্রশাসন মন্ত্রণালয় সম্মতি প্রদান করে। অর্থ বিভাগ (রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান) সম্মতি প্রদান করে।

(গ) বিস্তারিত আলোচনাপূর্বক কবি নজরুল ইনস্টিটিউটের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান 'সচিব' পদনাম পরিবর্তন করে 'পরিচালক' হিসেবে পরিবর্তনের বিষয়ে সুপারিশ করা যেতে পারে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়।

**১৩.২। <u>সিদ্ধান্ত</u>:**

**(ক) কবি নজরুল ইনস্টিটিউটের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান 'সচিব' পদনাম পরিবর্তন করে 'পরিচালক' হিসেবে পরিবর্তনের সুপারিশ করা হলো;**

**(খ) এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ কর্তৃক আরোপিত শর্তাদি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।**

**আলোচ্য বিষয়-১৪: বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড এর কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০২৩ অনুমোদন।**

**প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ: বস্ত্র ও পাট মন্ত্রণালয়।**

**১৪.১। উপস্থাপনা ও আলোচনা:**

(ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৫ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৭৪.২২.০০১.২১.২৫ নম্বর স্মারকে প্রেরিত প্রস্তাবটি সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সভায় উপস্থাপন করেন। তিনি বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড এর কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০২৩ অনুমোদনের প্রস্তাব উত্থাপন করেন।

(খ) উপস্থাপিত প্রস্তাবটি সভায় পর্যালোচনা করা হয়। বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড আইন-২০১৩ অনুযায়ী রেশম শিল্প সংশ্লিষ্ট ০৩টি প্রতিষ্ঠান যথা-বাংলাদেশ রেশম বোর্ড, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনিস্টিটিউট এবং বাংলাদেশ সিল্ক ফাউন্ডেশন একীভূত করে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড গঠন করা হয়। বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের ৫৮১ জনবল বিশিষ্ট সাংগঠনিক কাঠামো চূড়ান্ত করে সকল আনুষ্ঠানিকতা সম্পন্নপূর্বক জিও জারি করা হয়। পরবর্তীতে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের জন্য একটি সমন্বিত কর্মচারী চাকুরি প্রবিধানমালা প্রণয়নের লক্ষ্যে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বেওবি) কে আহ্বায়ক করে ০৫

সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। কমিটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের হালনাগাদ মডেল নিয়োগবিধিমালা এবং চাকরি সংক্রান্ত অন্যান্য বিধানবলী যাচাই-বাছাইপূর্বক খসড়া প্রবিধানমালা প্রণয়ন করে। খসড়া প্রবিধানমালা জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়োগবিধি পরীক্ষণ সংক্রান্ত উপকমিটির সভায় 'বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০২৩' অনুমোদনের প্রস্তাব প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে উপস্থাপনের সুপারিশ করা হয়।

(গ) সচিব, অর্থ বিভাগ বলেন যে, অর্থ বিভাগের ২৩ মে ২০২৩ তারিখের ৪৩ নম্বর স্মারক অনুযায়ী স্বায়ত্তশাসিত/স্ব-শাসিত প্রতিষ্ঠান/সংবিধিবদ্ধ সংস্থা/কর্পোরেশন কর্তৃক প্রবিধানমালা প্রণয়নকালে ভবিষ্য তহবিল/পেনশন/আনুতোষিকসহ অন্যান্য আর্থিক সংশ্লেষ সংক্রান্ত বিষয়ে অর্থ বিভাগের মতামত গ্রহণ করতে হবে। এ বিষয়ে সভায় একমত প্রকাশ করা হয়।

(ঘ) বিস্তারিত আলোচনাক্রমে অর্থ বিভাগের মতামত গ্রহণপূর্বক বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড এর কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০২৩ পুনরায় প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে উপস্থাপন করা যেতে পারে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়।

**১৪.২। সিদ্ধান্ত:**

**বস্ত্র ও পাট মন্ত্রণালয় অর্থ বিভাগের মতামত গ্রহণপূর্বক বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড এর কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০২৩ পুনরায় প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে উপস্থাপন করবে;**

**আলোচ্য বিষয়-১৫: ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সাংগঠনিক কাঠামোতে রাজস্ব খাতে স্থায়ীভাবে ১৭টি ক্যাডার পদ সৃজন।**

**প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ: ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।**

**১৫.১। উপস্থাপনা ও আলোচনা:**

(ক) ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ২৭ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ১৪.০০.০০০০.০০১.২৮.০০১.২১.৫৮ নম্বর স্মারকে প্রেরিত প্রস্তাবটি সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ সভায় উপস্থাপন করেন। তিনি ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সাংগঠনিক কাঠামোতে রাজস্ব খাতে স্থায়ীভাবে ১৭টি ক্যাডার পদ সৃজনের প্রস্তাব উত্থাপন করেন।

(খ) উপস্থাপিত প্রস্তাবটি সভায় পর্যালোচনা করা হয়। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণের লক্ষ্যে পদ সৃজনের প্রস্তাব করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় রাজস্ব খাতে স্থায়ীভাবে ২০টি ক্যাডার পদ এবং অস্থায়ীভাবে অন্যান্য ৫২টি পদসহ মোট ৭২টি পদ সৃজনে সম্মতি প্রদান করে। অর্থ বিভাগ (ব্যয় ব্যবস্থাপনা) রাজস্ব খাতে স্থায়ীভাবে ১৭টি ক্যাডার পদ সৃজনে সম্মতি প্রদান করে।

(গ) বিস্তারিত আলোচনাপূর্বক ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সাংগঠনিক কাঠামোতে রাজস্ব খাতে স্থায়ীভাবে ১৭টি ক্যাডার পদ সৃজনের বিষয়ে সুপারিশ করা যেতে পারে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়।

**১৫.২। সিদ্ধান্ত:**

**(ক) ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সাংগঠনিক কাঠামোতে রাজস্ব খাতে স্থায়ীভাবে নিম্নরূপ ১৭টি ক্যাডার পদ সৃজনের সুপারিশ করা হলো:**

| ক্রমিক নম্বর | সুপারিককৃত পদের নাম | সুপারিশকৃত পদের সংখ্যা |
|---|---|---|
| ১ | অতিরিক্ত সচিব | ১ |

| ক্রমিক নম্বর | সুপারিককৃত পদের নাম | সুপারিশকৃত পদের সংখ্যা |
|---|---|---|
| ২ | যুগ্মসচিব | ৩ |
| ৩ | যুগ্মপ্রধান | ১ |
| ৪ | উপসচিব | ৪ |
| ৫ | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব | ৮ |
| | মোট= | ১৭টি |

**(খ) ক্যাডার পদ স্থায়ীভাবে সৃজিত হবে এবং সংশ্লিষ্ট ক্যাডার কম্পোজিশন রুলস্ এ প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করতে হবে;**

**(গ) পদ সংরক্ষণ ও পদ স্থায়ীকরণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে; এবং**

**(ঘ) এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ কর্তৃক আরোপিত শর্তাদি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।**

**আলোচ্য বিষয়-১৬: যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় নবসৃষ্ট ০৫টি উপজেলা যুব উন্নয়ন অফিসের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে ৩৫টি পদ সৃজন।**

**প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।**

**১৬.১। উপস্থাপনা ও আলোচনা:**

(ক) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২২ মার্চ ২০২৩ তারিখের ৩৪.০০.০০০০.০৫১.১৫.০০৬.২২.১১২৪ নম্বর স্মারকে প্রেরিত প্রস্তাবটি সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সভায় উপস্থাপন করেন। তিনি যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় নবসৃষ্ট ০৫টি উপজেলা যুব উন্নয়ন অফিসের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে ৩৫টি পদ সৃজনের প্রস্তাব উত্থাপন করেন।

(খ) উপস্থাপিত প্রস্তাবটি সভায় পর্যালোচনা করা হয়। জেলা ও উপজেলা পর্যায়ে যুবদের জীবনমান উন্নয়নের জন্য উপজেলা ও জেলা পর্যায়ে বিভিন্ন কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে নবসৃষ্ট উপজেলায় যুব উন্নয়ন অফিস স্থাপন করা প্রয়োজন। নবসৃষ্ট ০৫টি (ময়মনসিংহ জেলার তারাকান্দা, হবিগঞ্জ জেলার শায়েস্তাগঞ্জ, সুনামগঞ্জ জেলার মধ্যনগর, মাদারীপুর জেলার ডাসার ও কক্সবাজার জেলার ঈদগাঁও) উপজেলায় যুব উন্নয়ন অধিদপ্তরের জন্য রাজস্ব খাতে পদ সৃজনের প্রস্তাব করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগ (ব্যয় ব্যবস্থাপনা) ০৫টি উপজেলা যুব উন্নয়ন অফিসের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে ৩৫টি পদ সৃজনে সম্মতি প্রদান করে। অর্থ বিভাগ (বাস্তবায়ন) উক্ত ৩৫টি পদের বেতন স্কেল নির্ধারণ করেছে।

(গ) বিস্তারিত আলোচনাপূর্বক যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় নবসৃষ্ট ০৫টি উপজেলা যুব উন্নয়ন অফিসের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে ৩৫টি পদ সৃজনের বিষয়ে সুপারিশ করা যেতে পারে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়।

**১৬.২। সিদ্ধান্ত:**

**(ক) যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় নবসৃষ্ট ০৫টি (ময়মনসিংহ জেলার তারাকান্দা, হবিগঞ্জ জেলার শায়েস্তাগঞ্জ, সুনামগঞ্জ জেলার মধ্যনগর, মাদারীপুর জেলার ডাসার ও কক্সবাজার জেলার ঈদগাঁও) উপজেলা যুব উন্নয়ন অফিসের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে নিম্নরূপ ৩৫টি পদ সৃজনের সুপারিশ করা হলো:**

| ক্রমিক নম্বর | সুপারিককৃত পদের নাম | সুপারিশকৃত পদের সংখ্যা |
|---|---|---|
| ১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | ১×৫=০৫ |
| ২ | সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | ৩×৫=১৫ |
| ৩ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১×৫=০৫ |
| ৪ | ক্যাশিয়ার | ১×৫=০৫ |
| ৫ | অফিস সহায়ক | ১×৫=০৫ |
| | **মোট=** | **৭X৫=৩৫টি** |

**(খ) পদ সংরক্ষণ ও পদ স্থায়ীকরণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে; এবং**

**(গ) এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ কর্তৃক আরোপিত শর্তাদি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।**

আলোচ্য বিষয়-১৭: **খাদ্য অধিদপ্তরাধীন নীলফামারী জেলার জলঢাকা উপজেলার মীরগঞ্জ, ফরিদপুর জেলার সালথা উপজেলার সালথা এবং পঞ্চগড় জেলার বোদা উপজেলার পাঁচপীর এলএসডি'র জন্য রাজস্ব খাতে ০২+০২+০২=০৬টি পদ সৃজন।**

**প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ: খাদ্য মন্ত্রণালয়।**

**১৭.১। উপস্থাপনা ও আলোচনা:**

(ক) খাদ্য মন্ত্রণালয়ের ২৭ মার্চ ২০২২, ২৮ মার্চ ২০২২ এবং ৩০ মার্চ ২০২২ তারিখের ২০, ২২ ও ২৩ নম্বর স্মারকে প্রেরিত প্রস্তাবটি সচিব, খাদ্য মন্ত্রণালয় সভায় উপস্থাপন করেন। তিনি খাদ্য অধিদপ্তরাধীন নীলফামারী জেলার জলঢাকা উপজেলার মীরগঞ্জ, ফরিদপুর জেলার সালথা উপজেলার সালথা এবং পঞ্চগড় জেলার বোদা উপজেলার পাঁচপীর এলএসডি'র জন্য রাজস্ব খাতে ০২+০২+০২=০৬টি পদ সৃজনের প্রস্তাব উত্থাপন করেন।

(খ) উপস্থাপিত প্রস্তাবটি সভায় পর্যালোচনা করা হয়। খাদ্য অধিদপ্তরাধীন নীলফামারী জেলার জলঢাকা উপজেলার মীরগঞ্জ, ফরিদপুর জেলার সালথা উপজেলার সালথা এবং পঞ্চগড় জেলার বোদা উপজেলার পাঁচপীর এলএসডি ০৩টি ১০০০ মে. টন ধারণ ক্ষমতা সম্পন্ন তৃতীয় গ্রেডের খাদ্য গুদাম। উক্ত এলএসডিসমূহে কোন মঞ্জুরিকৃত পদ না থাকায় কর্মকর্তা/কর্মচারীগণকে সংযুক্তি প্রদান পূর্বক কার্যক্রম পরিচালিত হচ্ছে। এ পরিপ্রেক্ষিতে উক্ত এলএসডিসমূহের জন্য পদ সৃজনের প্রস্তাব হলে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগ (ব্যয় ব্যবস্থাপনা) রাজস্ব খাতে ০২+০২+০২=০৬টি পদ সৃজনে সম্মতি প্রদান করে। অর্থ বিভাগ (বাস্তবায়ন) উক্ত ০৬টি পদের বেতন স্কেল নির্ধারণ করেছে।

(গ) বিস্তারিত আলোচনাপূর্বক খাদ্য অধিদপ্তরাধীন নীলফামারী জেলার জলঢাকা উপজেলার মীরগঞ্জ, ফরিদপুর জেলার সালথা উপজেলার সালথা এবং পঞ্চগড় জেলার বোদা উপজেলার পাঁচপীর এলএসডি'র জন্য রাজস্ব খাতে ০২+০২+০২=০৬টি পদ সৃজনের বিষয়ে সুপারিশ করা যেতে পারে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়।

**১৭.২। সিদ্ধান্ত:**

**(ক) খাদ্য অধিদপ্তরাধীন নীলফামারী জেলার জলঢাকা উপজেলার মীরগঞ্জ, ফরিদপুর জেলার সালথা উপজেলার সালথা এবং পঞ্চগড় জেলার বোদা উপজেলার পাঁচপীর এলএসডি'র জন্য রাজস্ব খাতে নিম্নরূপ ০৬টি পদ সৃজনের সুপারিশ করা হলো:**

| ক্রমিক নম্বর | সুপারিককৃত পদের নাম | সুপারিশকৃত পদের সংখ্যা |
|---|---|---|
| ১ | খাদ্য পরিদর্শক | ১×৩=৩ |
| ২ | সহকারী উপ খাদ্য পরিদর্শক | ১×৩=৩ |
| | মোট= | **২x৩=৬টি** |

**(খ) পদ সংরক্ষণ ও পদ স্থায়ীকরণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে; এবং**

**(গ) এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ কর্তৃক আরোপিত শর্তাদি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।**

**আলোচ্য বিষয়-১৮: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর গোপালগঞ্জ ও সিরাজগঞ্জ আঞ্চলিক কার্যালয়ের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে ২০টি পদ সৃজন।**

**প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ: কৃষি মন্ত্রণালয়।**

**১৮.১। উপস্থাপনা ও আলোচনা:**

(ক) কৃষি মন্ত্রণালয়ের ২৯ মার্চ ২০২৩ তারিখের ১২.০০.০০০০.০৬৩.১৫.০১২.২০.১১৪ নম্বর স্মারকে প্রেরিত প্রস্তাবটি সচিব, কৃষি মন্ত্রণালয় সভায় উপস্থাপন করেন। তিনি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর গোপালগঞ্জ ও সিরাজগঞ্জ আঞ্চলিক কার্যালয়ের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে ২০টি পদ সৃজনের প্রস্তাব উত্থাপন করেন।

(খ) উপস্থাপিত প্রস্তাবটি সভায় পর্যালোচনা করা হয়। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক বাস্তবায়িত "ভৌত সুবিধাদি ও গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ" শীর্ষক সমাপ্ত প্রকল্পের অনুমোদন অনুযায়ী অঞ্চল ভিত্তিক গবেষণা কার্যক্রম জোরদার করার লক্ষ্যে গোপালগঞ্জ ও সিরাজগঞ্জে ০২টি আঞ্চলিক কার্যালয় স্থাপন করা হয়। উক্ত কার্যালয়সমূহে বর্তমানে কোন অনুমোদিত জনবল নেই। এ পরিপ্রেক্ষিতে নতুন আঞ্চলিক কার্যালয় স্থাপনের উদ্দেশ্যে প্রতিটি আঞ্চলিক কার্যালয়ের জন্য ৩৩টি করে ৬৬টি পদ সৃজনের জন্য প্রস্তাব করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় প্রতিটি কার্যালয়ের জন্য রাজস্ব খাতে ১৮টি করে ৩৬টি পদ সৃজনে সম্মতি প্রদান করে। অর্থ বিভাগ (ব্যয় ব্যবস্থাপনা) প্রতিটি কার্যালয়ের জন্য রাজস্ব খাতে ১০টি করে ২০টি পদ সৃজনে সম্মতি প্রদান করে। অর্থ বিভাগ (বাস্তবায়ন) উক্ত ২০টি পদের বেতন স্কেল নির্ধারণ করেছে।

(গ) বিস্তারিত আলোচনাপূর্বক বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর গোপালগঞ্জ ও সিরাজগঞ্জ আঞ্চলিক কার্যালয়ের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে ২০টি পদ সৃজনের বিষয়ে সুপারিশ করা যেতে পারে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়।

**১৮.২। সিদ্ধান্ত:**

**(ক) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর গোপালগঞ্জ ও সিরাজগঞ্জ আঞ্চলিক কার্যালয়ের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে নিম্নরূপ ২০টি পদ সৃজনের সুপারিশ করা হলো:**

| ক্রমিক নম্বর | সুপারিককৃত পদের নাম | সুপারিশকৃত পদের সংখ্যা |
|---|---|---|
| ১ | চীফ সাইন্টিফিক অফিসার (সিএসও) | ১+১=০২ |
| ২ | প্রিন্সিপাল সাইন্টিফিক অফিসার (পিএসও) | ১+১=০২ |
| ৩ | সিনিয়র সাইন্টিফিক অফিসার (এসএসও) | ১+১=০২ |
| ৪ | সাইন্টিফিক অফিসার (এসও) | ২+২=০৪ |

| ক্রমিক নম্বর | সুপারিককৃত পদের নাম | সুপারিশকৃত পদের সংখ্যা |
|---|---|---|
| ৫ | এসিসটেন্ট একাউন্টস অফিসার | ১+১=০২ |
| ৬ | স্টোর অফিসার | ১+১=০২ |
| ৭ | এস এ (ফিল্ডম্যান) | ১+১=০২ |
| ৮ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১+১=০২ |
| ৯ | অফিস সহায়ক | ১+১=০২ |
| | **মোট=** | **১০+১০=২০টি** |

**(খ) পদ সংরক্ষণ ও পদ স্থায়ীকরণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে; এবং**

**(গ) এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ কর্তৃক আরোপিত শর্তাদি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।**

**আলোচ্য বিষয়-১৯: গোপালগঞ্জ জেলায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনষ্টিটিউটের একটি কৃষি গবেষণা কেন্দ্র স্থাপন এবং উক্ত কেন্দ্রের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে ১০টি পদ সৃজন।**

**প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ: কৃষি মন্ত্রণালয়।**

**১৯.১। উপস্থাপনা ও আলোচনা:**

(ক) কৃষি মন্ত্রণালয়ের ০৬ জুলাই ২০২৩ তারিখের ১২.০০.০০০০.০৬২.১৫.০১০.২১.৩৮৮ নম্বর স্মারকে প্রেরিত প্রস্তাবটি সচিব, কৃষি মন্ত্রণালয় সভায় উপস্থাপন করেন। তিনি গোপালগঞ্জ জেলায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনষ্টিটিউটের একটি কৃষি গবেষণা কেন্দ্র স্থাপন এবং উক্ত কেন্দ্রের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে ১০টি পদ সৃজনের প্রস্তাব উত্থাপন করেন।

(খ) উপস্থাপিত প্রস্তাবটি সভায় পর্যালোচনা করা হয়। গোপালগঞ্জ জেলায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনষ্টিটিউটের একটি কৃষি গবেষণা কেন্দ্র স্থাপন এবং উক্ত কেন্দ্রের জন্য রাজস্ব খাতে পদ সৃজনের প্রস্তাব করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় ৩৬টি পদ রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনে সম্মতি দিয়েছে। অর্থ বিভাগ (রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান) ১১টি পদ রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনে সম্মতি দিয়েছে। অর্থ বিভাগ (বাস্তবায়ন) উক্ত ১১টি পদের বেতন স্কেল নির্ধারণ করেছে। উল্লেখ্য, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা পদের বেতন স্কেল পুন:নির্ধারণের জন্য অর্থ বিভাগে প্রস্তাব করায় উক্ত ০১টি পদ ব্যতীত ১০টি পদ সৃজনের প্রস্তাব করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।

(গ) বিস্তারিত আলোচনাপূর্বক গোপালগঞ্জ জেলায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনষ্টিটিউটের একটি কৃষি গবেষণা কেন্দ্র স্থাপন এবং উক্ত কেন্দ্রের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে ১০টি পদ সৃজনের বিষয়ে সুপারিশ করা যেতে পারে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়।

**১৯.২। সিদ্ধান্ত:**

**(ক) গোপালগঞ্জ জেলায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনষ্টিটিউটের একটি কৃষি গবেষণা কেন্দ্র স্থাপন এবং উক্ত কেন্দ্রের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে নিম্নরূপ ১০টি পদ সৃজনের সুপারিশ করা হলো:**

| ক্রমিক নম্বর | সুপারিককৃত পদের নাম | সুপারিশকৃত পদের সংখ্যা |
|---|---|---|
| ১ | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | ০২ |
| ২ | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০৩ |

| ক্রমিক নম্বর | সুপারিককৃত পদের নাম | সুপারিশকৃত পদের সংখ্যা |
|---|---|---|
| ৩ | বৈজ্ঞানিক সহকারী | ০৩ |
| ৪ | হিসাবরক্ষক | ০১ |
| ৫ | অফিস সহায়ক | ০১ |
| | মোট= | ১০টি |

**(খ) পদ সংরক্ষণ ও পদ স্থায়ীকরণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে; এবং**

**(গ) এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ কর্তৃক আরোপিত শর্তাদি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।**

**আলোচ্য বিষয়-২০: ১০৫টি সহকারী জজ এবং ২৫৫টি সিনিয়র সহকারী জজ আদালতের জন্য সহায়ক কর্মচারী হিসেবে সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটরের ৩৬০টি পদ সৃজন।**

**প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ: আইন ও বিচার বিভাগ।**

**২০.১। উপস্থাপনা ও আলোচনা:**

(ক) আইন ও বিচার বিভাগের ০৫ মার্চ ২০২৩ তারিখের ১০.০০.০০০০.১২৮.১৫.০০৫.১৪.১০৪ নম্বর স্মারকে প্রেরিত প্রস্তাবটি সচিব, আইন ও বিচার বিভাগ সভায় উপস্থাপন করেন। তিনি ১০৫টি সহকারী জজ এবং ২৫৫টি সিনিয়র সহকারী জজ আদালতের জন্য সহায়ক কর্মচারী হিসেবে সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটরের ৩৬০টি পদ সৃজনের প্রস্তাব উত্থাপন করেন।

(খ) উপস্থাপিত প্রস্তাবটি সভায় পর্যালোচনা করা হয়। সহকারী জজ এবং সিনিয়র সহকারী জজ আদালতে সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটরের পদ না থাকায় উক্ত আদালতসমূহে কর্মরত বিচারকগণের পক্ষে বেশি সংখ্যক মোকদ্দমা নিষ্পত্তি করা সম্ভব হয় না। জনগণের জন্য দ্রুত সময়ে বিচার নিশ্চিত করতে ১০৫টি সহকারী জজ এবং ২৫৫টি সিনিয়র সহকারী জজ আদালতের জন্য সহায়ক কর্মচারী হিসেবে রাজস্ব খাতে অস্থায়ীভাবে সাঁটমুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটরের ৩৬০টি পদ সৃজনের প্রস্তাব করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগ (ব্যয় ব্যবস্থাপনা) সম্মতি প্রদান করেছে। অর্থ বিভাগ (বাস্তবায়ন) উক্ত ৩৬০টি পদের বেতন স্কেল নির্ধারণ করেছে।

(গ) বিস্তারিত আলোচনাপূর্বক ১০৫টি সহকারী জজ এবং ২৫৫টি সিনিয়র সহকারী জজ আদালতের জন্য সহায়ক কর্মচারী হিসেবে সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটরের ৩৬০টি পদ সৃজনের বিষয়ে সুপারিশ করা যেতে পারে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়।

**২০.২। সিদ্ধান্ত:**

**(ক) ১০৫টি সহকারী জজ এবং ২৫৫টি সিনিয়র সহকারী জজ আদালতের জন্য সহায়ক কর্মচারী হিসেবে সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটরের ৩৬০টি পদ সৃজনের সুপারিশ করা হলো;**

**(খ) পদ সংরক্ষণ ও পদ স্থায়ীকরণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে; এবং**

**(গ) এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ কর্তৃক আরোপিত শর্তাদি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।**

**আলোচ্য বিষয়-২১: বাংলাদেশ সিভিল সার্ভিস (বাণিজ্য) গঠন ও ক্যাডার আদেশ, ২০২৩ অনুমোদন।**

**প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ: জনপ্রশাসন মন্ত্রণালয়।**

**২১.১। উপস্থাপনা ও আলোচনা:**

(ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ মার্চ ২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৭৪.২২.০০৪.২১.৪১ নম্বর স্মারকে প্রেরিত প্রস্তাবটি সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় সভায় উপস্থাপন করেন। তিনি বাংলাদেশ সিভিল সার্ভিস (বাণিজ্য) গঠন ও ক্যাডার আদেশ, ২০২৩ অনুমোদনের প্রস্তাব উত্থাপন করেন।

(খ) উপস্থাপিত প্রস্তাবটি সভায় বিস্তারিত পর্যালোচনা করা হয়। বিদ্যমান নিয়োগবিধিমালায় অতিরিক্ত প্রধান নিয়ন্ত্রকের পদ অন্তর্ভুক্তকরণ এবং বিলুপ্তকরণকৃত পদসমূহ বাদ দেওয়ার জন্য The Bangladesh Civil Service (Trade) Composition and Cadre Rules, 1980 এর তফসিল সংশোধনের প্রস্তাব করা হলে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ১৩ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত সভায় সুপারিশ প্রদান করা হয়। পরবর্তীতে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ গ্রহণকৃত খসড়া প্রজ্ঞাপনটি বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ে প্রেরণ করা হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক সুপারিশকৃত খসড়া প্রজ্ঞাপনটি ভেটিং এর জন্য প্রস্তাব করা হলে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা-৫ অনুযায়ী বিদ্যমান Rules রহিত করে সরকারি চাকরি আইনের আওতাধীন নতুনভাবে সার্ভিস গঠন ও ক্যাডার আদেশ প্রণয়নসহ কতিপয় পরামর্শ প্রদান করে। এ পরিপ্রেক্ষিতে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের পরামর্শের আলোকে খসড়া প্রজ্ঞাপনটি বাংলা ভাষায় প্রণয়ন করে 'বাংলাদেশ সিভিল সার্ভিস (বাণিজ্য) গঠন ও ক্যাডার আদেশ, ২০২৩' প্রণয়নের প্রস্তাব করা হয়েছে। এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়োগবিধি পরীক্ষণ সংক্রান্ত উপকমিটির সভায় সুপারিশ করা হয়েছে।

(গ) বিস্তারিত আলোচনাপূর্বক বাংলাদেশ সিভিল সার্ভিস (বাণিজ্য) গঠন ও ক্যাডার আদেশ, ২০২৩ অনুমোদনের সুপারিশ করা যেতে পারে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়।

**২১.২। সিদ্ধান্ত:**

**(ক) প্রস্তাবিত বাংলাদেশ সিভিল সার্ভিস (বাণিজ্য) গঠন ও ক্যাডার আদেশ, ২০২৩ অনুমোদনের সুপারিশ করা হলো;**

**(খ) এ বিষয়ে বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।**

**আলোচ্য বিষয়-২২: অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণের লক্ষ্যে রাজস্ব খাতে স্থায়ীভাবে ১১টি ক্যাডার পদ এবং অস্থায়ীভাবে ২৬টি নন-ক্যাডার পদসহ মোট ৩৭টি পদ সৃজন।**

**প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ: অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।**

**২২.১। উপস্থাপনা ও আলোচনা:**

(ক) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ২৯ মার্চ ২০২৩ তারিখের ০৯.০০.০০০০.০৭২.১৮.০০২.২২.২৯৭ নম্বর স্মারকে প্রেরিত প্রস্তাবটি সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ-এর পক্ষে অতিরিক্ত সচিব জনাব মোঃ শাহারিয়ার কাদের ছিদ্দিকী সভায় উপস্থাপন করেন। তিনি অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণের লক্ষ্যে রাজস্ব খাতে স্থায়ীভাবে ১১টি ক্যাডার পদ এবং অস্থায়ীভাবে ২৬টি নন-ক্যাডার পদসহ মোট ৩৭টি পদ সৃজনের প্রস্তাব উত্থাপন করেন।

